# ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর

গাজীপুর-১৭০৭

স্মারক নং- ঢাপ্রপ্রবি/নিলাম(ভবন)/২০২৫-২৬/১৩ 　　　　　　　　　　তারিখ ঃ ২৬/০২/২০২৬ খ্রি.

## সংশোধিত নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর এ ৩ (তিন) টি অব্যবহার্য ঘোষিত ভবন বিদ্যমান অবস্থায় নিলামে বিক্রয় করা হবে। নিলামে আগ্রহী প্রকৃত ব্যবসায়ী/ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট হতে সীলমোহরকৃত বন্ধ খামে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে দরপত্রে আহবান করা যাচ্ছে।

| ক্রমিক নং | বিষয় | বিবরণ |
|---|---|---|
| ক) | নিলামকৃত অব্যবহার্য ঘোষিত ভবনের নাম | ১. এফ আর খান হল (চার তলা ভবন)। আনুমানিক ফ্লোর এরিয়া ঃ ৩০,৫২৬.০০ বর্গফুট।<br>২. কিউ-কে হল (চার তলা ভবন)। আনুমানিক ফ্লোর এরিয়া ঃ ২৯,৫৩৬.০০ বর্গফুট।<br>৩. এসএম হল (চার তলা ভবন)। আনুমানিক ফ্লোর এরিয়া ঃ ২৯,৫৩৬.০০ বর্গফুট। |
| খ) | নিলাম দরপত্র বিক্রয়ের স্থান ও সময় | কম্পট্রোলার অফিস, অত্র বিশ্ববিদ্যালয় (অফিস চলাকালীন সময় পর্যন্ত)। |
| গ) | নিলাম দরপত্র বিক্রয় শুরু ও শেষ তারিখ | ১৫-০২-২০২৬ খ্রি. তারিখ হতে ০১-০৩-২০২৬ খ্রি. (অফিস চলাকালীন সময়) পর্যন্ত। |
| ঘ) | নিলাম দরপত্র মূল্য ও টাকা জমা দান প্রক্রিয়া | ৫০০০/- (পাঁচ হাজার) টাকা (ভবন ভিত্তিক)। শিডিউল মূল্য বাবদ ৫০০০/- (পাঁচ হাজার) টাকা (অফেরতযোগ্য) বিশ্ববিদ্যালয়ের চলতি হিসাব নং-STD-1,অগ্রণী ব্যাংক লিঃ, ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর শাখায় জমাদান সাপেক্ষে নিলাম দরপত্র বিক্রয়ের স্থান হতে নিলাম শিডিউল সংগ্রহ করা যাবে। |
| ঙ) | নিলাম দরপত্র দাখিলের শেষ তারিখ ও সময় | ০২-০৩-২০২৬ খ্রি. তারিখ দুপুর ১২: ০০ ঘটিকা পর্যন্ত। |
| চ) | নিলাম দরপত্র খোলার তারিখ ও সময় | ০২-০৩-২০২৬ খ্রি. তারিখ দুপুর ১২: ৩০ ঘটিকা, ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সভাকক্ষ, অত্র বিশ্ববিদ্যালয়। |

শর্তাবলী ঃ

১) আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানের বড় ধরনের (তিন/চার তলা) ভবন ভাঙ্গার অভিজ্ঞতা সম্পর্কিত কাগজপত্র জমা দিতে হবে।

২) নিলামযোগ্য অব্যবহার্য ভবন যেখানে যে অবস্থায় আছে নিজ দায়িত্বে সরেজমিনে পরিদর্শন পূর্বক দরপত্র দাখিল করতে হবে। পরবর্তীতে এ ব্যাপারে কোন ওজর আপত্তি গ্রহনযোগ্য হবে না।

৩) দাখিলকৃত দরপত্রের সাথে নিলাম সিডিউলে উদ্ধৃত মূল্যের ২৫% টাকা যে কোন তফশীলি ব্যাংক হতে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আকারে "ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর" এর অনুকুলে দাখিল করতে হবে। নির্ধারিত হারে প্রয়োজনীয় জামানত ব্যতিরেকে কোন দরপত্র গ্রহণযোগ্য হবে না এবং এ দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। কো-অপারেটিভ ব্যাংকের পে-অর্ডার/ডিডি গ্রহণযোগ্য হবে না।

৪) নিলাম ক্রয়কারী প্রতিষ্ঠান/ব্যক্তির জাতীয় পরিচয়পত্র, হালনাগাদকৃত ট্রেড লাইসেন্স, ভ্যাট ও আইটি পরিশোধের হাল সন পর্যন্ত প্রত্যয়ন কপি দাখিল করতে হবে।

৫) প্রতিটি ভবনের জন্য পৃথক পৃথকভাবে দরপত্র দাখিল করতে হবে।

৬) **দরপত্র বিজ্ঞপ্তিতে উল্লেখিত তারিখ ও সময়ের মধ্যে অবশ্যই দরপত্র সিলগালা অবস্থায় রেজিস্ট্রার, ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর এর কার্যালয়ে অথবা প্রধান প্রকৌশলী, ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর এর কার্যালয়ে রক্ষিত নিলাম দরপত্র বক্সে দাখিল করতে হবে।**

৭) অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

৮) দরপত্রে কোন প্রকার কাটাকাটি বা ওভার রাইটিং বা ঘষামাজা চলবে না। উদ্ধৃত দর স্পষ্টভাবে অংকে এবং কথায় লিখতে হবে। একান্তই যদি দর কাটাকাটি হয় তবে একটানে কেটে পুনরায় পরিষ্কার ভাবে লিখে স্বাক্ষর দিতে হবে। অংকে এবং কথায় লেখার মধ্যে গড়মিল হলে কথায় লেখা দর গ্রহণযোগ্য হবে।

৯) নিলামে সর্বোচ্চ দর দাখিলকারী ব্যক্তি/প্রতিষ্ঠানের দর গৃহীত হবে ও যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে কার্যাদেশ প্রদান করা হবে।

১০) গৃহীত দরদাতাকে ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে দাখিলকৃত দরের সমুদয় অর্থ পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আকারে "ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর" এর অনুকুলে (ভ্যাট ও আয়কর সরকারি কোষাগারে) জমা প্রদান পূর্বক চালানের মূল কপি দাখিল সাপেক্ষে কার্যাদেশ প্রদান করা হবে। ব্যর্থ হলে জামানত বাজেয়াপ্ত হবে।

১১) নিলাম গ্রহীতা কার্যাদেশ প্রাপ্তির সর্বোচ্চ ৯০ (নব্বই) দিনের মধ্যে নিলামকৃত ভবন Bangladesh National Building Code (BNBC) 2020, International Safety, Labor Law, Environmental Standard, Local City Corporation Law অনুসরণে এবং অত্র বিশ্ববিদ্যালয়ের প্রকৌশল অফিসের নির্দেশনা মোতাবেক ভেঙ্গে সকল প্রকার মালামাল (রাবিশসহ) অপসারন করত: জায়গা পরিষ্কার করতে হবে। ভবন ভাঙ্গার ব্যাপারে ক্রেতাকে সর্বোচ্চ সতর্কতার সাথে কাজ করতে হবে এবং সংশ্লিষ্ট দরদাতাকে ভবন ভাঙ্গার কাজে আধুনিক যন্ত্রপাতি ব্যবহার করতে হবে।

১২) নিলামকৃত অব্যবহার্য ঘোষিত ভবনের মালামালসমূহ নিজ দায়িত্বে হেফাজত করত: নির্ধারিত সময়ের মধ্যে অপসারণ করতে হবে। মালামাল খোয়া গেলে বা চুরি হলে কর্তৃপক্ষ দায়ি থাকবে না।

১৩) দুর্ঘটনা সংক্রান্ত দায় দায়িত্ব কর্তৃপক্ষ বহন করবে না। এ কাজ করতে গিয়ে বিশ্ববিদ্যালয়ের/অন্যের বা সাইটের ক্ষতি করা যাবে না।

১৪) নির্ধারিত সময়ের মধ্যে নিলামকৃত অব্যবহার্য ঘোষিত ভবন ভেঙ্গে নিতে ব্যর্থ হলে পরবর্তী প্রতিদিনের জন্য ৫০০০/- (পাঁচ হাজার) টাকা হারে সুরক্ষা জামানত হতে টাকা কর্তন করা হবে।

১৫) নির্দিষ্ট সময়ের মধ্যে নিলামকৃত অব্যবহার্য ঘোষিত ভবন ভেঙ্গে নিতে ব্যর্থ হলে জমাকৃত নিলামের সমস্ত টাকা কর্তৃপক্ষ বাজেয়াপ্ত করতে পারবেন।

১৬) সর্বোচ্চ দরদাতা দরপত্রে উল্লেখিত শর্ত প্রতিপালনে ব্যর্থ হলে পরবর্তী সর্বোচ্চ দরদাতাকে বিবেচনা করা হবে।

১৭) ভবন অপসারণের সময় কোনরূপ ক্ষতি সাধিত হলে নিলাম গ্রহীতা ক্ষতিপূরণ দিতে বাধ্য থাকবেন।

১৮) দরপত্রে উল্লেখিত সকল শর্ত নিলাম গ্রহিতা মানতে বাধ্য থাকবেন।

১৯) কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ কিংবা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

২০) নিলাম বিজ্ঞপ্তি অথবা নিলাম দরপত্রে উল্লেখ নাই এমন কোন বিষয়ে বিবাদ/সমস্যা/মতবিরোধ সংগঠিত হলে এ ক্ষেত্রে নিলাম কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত সিদ্ধান্ত বলে গণ্য হবে।

(অধ্যাপক ড. মোঃ আনওয়ারুল আবেদীন)
সভাপতি, নিলাম কমিটি
ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর।
ফোনঃ +৮৮-০২-৪৯২৭৪০৩৪-৫৩ (বর্ধিত-১৪২৯)

Mahbub A